

সোমবার

মানবজমিন

২৪শে নভেম্বর ২০২৫



ভূমিকম্পে নর্থ সাউথ ইউনিভার্সিটির ভবন প্রসঙ্গে সংবাদ বিজ্ঞপ্তি

গত ২১শে নভেম্বর ৫ দশমিক ৭ মাত্রার ভূমিকম্প অনুভূত হওয়ার পর নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) কর্তৃপক্ষ বিশেষজ্ঞ প্রকৌশলীদের সমন্বয়ে গঠিত একটি দল নিয়ে ভবন পরিদর্শন করে।

প্রাথমিক পর্যবেক্ষণে তেমন কোনো ত্রুটির প্রমাণ মেলেনি। পুরো ক্যাম্পাসে অনেকগুলো এক্সপ্যানশন জয়েন্ট ব্যবহার করে নির্মাণ করায় এই ভবনগুলো উচ্চমাত্রার ভূমিকম্প সহনশীল। ভূমিকম্পসহ প্রাকৃতিক নড়াচড়ায় ভবনের চাপ সহনীয় করতে নির্মাণের কৌশল হিসেবে- এক্সপ্যানশন জয়েন্ট ব্যবহৃত হয়। ২৩শে নভেম্বর এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সারের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা ক্যাম্পাসের বিভিন্ন ভবন ও এলাকা পরিদর্শন করেন। এবং সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করেন। বিজ্ঞপ্তি